

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

তারিখ: ১৫.০৩.২০১৮ খ্রি.

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০৩.০৫৬.১৮- ৬৭

বিষয়: পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলাধীন বেতমোর আশ্রাফুল উলুম ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) বেতমোর আশ্রাফুল উলুম ফাজিল মাদরাসার স্মারক নং-বে, ফা, মা-৩৫/২০১৮
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৭.০৩.২০১৮ খ্রি.
তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বেতমোর আশ্রাফুল উলুম ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব আব্দুল ওহাব কামিল পাশ একজন ব্যক্তি। তিনি (জনাব আব্দুল ওহাব) বিভিন্ন সময় শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক প্রদান করেন, মাহফিল, ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অর্থ প্রদান করে থাকেন এবং সার্বক্ষণিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রেখে আসছেন মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্তি পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব আব্দুল ওহাব) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব আব্দুল ওহাব) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, বেতমোর আশ্রাফুল উলুম ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

(গ) অধিকন্তু; (জনাব আব্দুল ওহাব) অনুকূলে জনাব ডাঃ রুস্তম আলী ফরাজী মাননীয় সংসদ সদস্য, ১২৯ পিরোজপুর -৩, মঠবাড়িয়া, পিরোজপুর এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব আব্দুল ওহাব, পিতা: মরহুম-মমিন উদ্দিন হাওলাদার, গ্রাম: টি. এন. টি রোড, গয়ালীপাড়া, মঠবাড়িয়া, পিরোজপুর -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

15.03.18

(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং- ৪১০৩০১৬৭
ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ

বেতমোর আশ্রাফুল উলুম ফাজিল মাদরাসা ডাক: বি, এন, হাট, উপজেলা: মঠবাড়িয়া, জেলা: পিরোজপুর।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।
৩. সভাপতি, বেতমোর আশ্রাফুল উলুম ফাজিল মাদরাসা ডাক: বি, এন, হাট, উপজেলা: মঠবাড়িয়া, জেলা: পিরোজপুর।
৪. জনাব আব্দুল ওহাব, পিতা: মরহুম-মমিন উদ্দিন হাওলাদার, গ্রাম: টি. এন. টি রোড, গয়ালীপাড়া, মঠবাড়িয়া, পিরোজপুর।
৫. অফিস কপি।